



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১০
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১১
সংযোজনী ৩: অন্য অফিসেরসঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১২
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৫
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৬
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৭
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৮

কর্মসম্পাদনেরসার্বিকচিত্র

সাম্প্রতিকঅর্জন, চ্যালেঞ্জএবংভবিষ্যৎপরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ, তারা গভীর নলকূপ অগভীর নলকূপ ও রিংওয়েল স্থাপন। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকূপ, অগভীর নলকূপ, রিংওয়েল স্থাপন এবং পুকুর পুনঃখনন করা হয়েছে। পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্য শিক্ষা প্রকল্পের আওতায় গভীর নলকূপ, অগভীর নলকূপ, কমিউনিটি ল্যাট্রিন এবং টু-ইন-পিট ল্যাট্রিন। অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ গভীর নলকূপ, অগভীর নলকূপ ও রিংওয়েল স্থাপন। ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৫ কিলোমিটার পাইপ লাইন স্থাপন। পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/ জলাশয়সমূহ পুনঃখনন/ সংস্কার শীর্ষক প্রকল্পের আওতায় ০২টি পুকুর পুনঃখনন ও পিএসএফ নির্মাণ করা হয়েছে। পরিবেশ বান্ধব ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায় ১৬৪টি ডিস্যালাইনেশন প্লান্ট স্থাপন। পানির গুণগতমান পরীক্ষা ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ২য়, ৩য় ও ৪র্থ তলা ভবন উধমুখী সম্প্রসারণ করা হয়েছে। ৪০টি পৌরসভা ও গ্রোথসেন্টারে অবস্থিত পানি সরবরাহ এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৫ কি:মি: পাইপলাইন এবং ০১টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে। খুরুশকুল বিশেষ আশ্রয়ণ প্রকল্প-০২ এর আওতায় ২২৭০মিটার পাইপ লাইন স্থাপন এবং ২০টি অগভীর নলকূপ স্থাপনের মাধ্যমে সাময়িক পানি সরবরাহ করা হচ্ছে। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) প্রকল্পের আওতায় ০৩টি পরীক্ষামূলক গভীর নলকূপ, ১০টি অগভীর নলকূপ স্থাপনের মাধ্যমে ০১টি পাইপলাইন দ্বারা সাময়িক ভাবে পানি সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে। World Bank (EMCRP) প্রকল্পের আওতায় "বলপূর্বকবাস্তুচ্যুতমিয়ানমারনাগরিক" আশ্রয়প্রার্থীর জন্য ২৮টি মিনি পাইপ লাইন ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন এবং আরও ৭টি মিনি পাইপ লাইন ওয়াটার সাপ্লাই সিস্টেম কাজ চলমান ৩০০০টি ল্যাট্রিন স্থাপন এবং আরও ৩০০০টি ল্যাট্রিন এর কাজ চলমান, ৭০টি কমিউনিটি ল্যাট্রিন স্থাপন, ৫০০টি বায়োফিল ল্যাট্রিন স্থাপন, টেকনাফ উপজেলার পানি সমস্যা সমাধানে উপজেলা পরিষদের পিছনে প্রাকৃতিক ছড়ায় পানি পরিশোধনের জন্য সারফেস জায়গায় ট্রিটমেন্টপ্লান্ট স্থাপনের নিমিত্তে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন, ৬টি ফিক্যাল স্লাজ ট্রিটমেন্টপ্লান্ট এর কাজ চলমান এবং ৩০টি বায়োগ্যাস ল্যাট্রিন স্থাপন ৪০০টি গভীর তারা নলকূপ স্থাপন ও আরও ৩০০টির কাজ চলমান, ৭টি সলিডওয়েস্ট ট্রিটমেন্ট প্লান্ট এর কাজ চলমান। এছাড়াও হোস্ট কমিউনিটি এর ৩১টি মিনি পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম কাজ চলমান, ১৮০০ টি কমিউনিটি নলকূপের মধ্যে ৯০০টির কাজ সম্পন্ন, ৮৮০০ ইন্সপুড হাউজহোল্ড টয়লেটের মধ্যে ৩০০০ টির কাজ সম্পন্ন। ৫টি ক্যাম্প অফিস সহ বিভিন্ন উপজেলায় ২টি উপজেলা ভবন নির্মাণ, ৩০০০লি: ক্যাপাসিটির মোবাইল ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট ৪টি, ওয়াটার ক্যারিয়ার ও ভ্যাকুটেগ ১৪টি, ৮ তলা বিশিষ্ট ওয়াশ ট্রেনিং ফ্যাসিলিটি সেন্টার নির্মাণ কাজ চলমান রয়েছে। ADB (EAP) প্রকল্পের আওতায় ৪০টি পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম নির্মাণ কাজ সম্পন্ন, উখিয়া উপজেলার ক্যাম্প এলাকায় ও টেকনাফ উপজেলার হোয়াইকং নামক স্থানে সারফেস ওয়াটার ট্রিটমেন্টপ্লান্ট নির্মাণের কাজ সম্পন্ন, ১০টি মিনি ফিক্যাল স্লাজ ট্রিটমেন্ট সিস্টেম রোহিঙ্গা কমিউনিটির জন্য বরাদ্দ রয়েছে, ০২টি ফিক্যাল স্লাজ ট্রিটমেন্ট ও সলিডওয়েস্ট ট্রিটমেন্টপ্লান্ট কাজ সম্পন্ন হয়েছে, ৫০০টি গোসলখানা নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং কক্সবাজার পৌর সভা এলাকায় পানি সরবরাহের নিমিত্তে সারফেস ওয়াটার ট্রিটমেন্টপ্লান্ট নির্মাণের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে এবং ১৫ কি:মি: পাইপ লাইন স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও ওয়াটার ক্যারিয়ার, ডাম্প ট্রাক রয়েছে ৩৩টি। অভ্যন্তরীণ বাস্তুচ্যুত জনগোষ্ঠীর আশ্রয়ন প্রকল্প সমূহে অবহেলিত জনগোষ্ঠীর মাঝে মুজিব শতবর্ষে ইউনিসেফ ওয়াশ প্রকল্পের মাধ্যমে উন্নতমানের স্যানিটেশন ও পানি সরবরাহ ব্যবস্থা করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়ী করণ ও কার্যকারিতা বৃদ্ধিকরণ। এই চ্যালেঞ্জ উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে পৃথক সেক্টর হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার প্রদান পূর্বক পৃথক বাজেট বরাদ্দকরণ। সামগ্রিককাজের মনিটরিং ও মূল্যায়নের জন্য প্রয়োজন সর্বজনীন কভারেজ সংজ্ঞায়িত করণ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ। পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সঠিক ব্যবহার নিশ্চিত করণের ক্ষেত্রে প্রধান অন্তরায়/সমস্যা হল এই খাতে অপ্রতুল বাজেট বরাদ্দ। এছাড়া সমুদ্র উপকূলবর্তী হওয়ায় সাম্প্রতিক সময়ে ভূ-গর্ভস্থ পানিতে লবণাক্ততার উপস্থিতি একটি বড় চ্যালেঞ্জ। আরো রয়েছে মূল ভূ-খন্ড হতে বিচ্ছিন্ন দ্বীপ (কুতুবদিয়া) যেখানে সুপেয় পানি ও উন্নত স্যানিটেশন নিশ্চিত করা একটি কষ্ট সাধ্য বিষয় হয়ে দাঁড়িয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কক্সবাজার জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, ভূ-গর্ভস্থ পানির চাপ কমাতে সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ এবং প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ। ভূ-গর্ভস্থ পানির অবস্থা পর্যবেক্ষণের জন্য Real Time Monitoring system Ground Water Modeling Center স্থাপন। সরকারী আশ্রয়ন প্রকল্প সমূহে মানুষের জীবনমান উন্নত করার মানসে স্যানিটেশন ও পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন এবং টেকসই করার নিমিত্তে সচেতনতা বৃদ্ধি করণ, দ্বীপাঞ্চল সমূহে নতুন প্রকল্প (পাইপ স্কীম ও উন্নত স্যানিটেশন) গ্রহণ পূর্বক টেকসই উন্নয়ন বিকেন্দ্রি করণের মাধ্যমে কাভারেজ শতভাগে উন্নীত করণ।

২০২৩-২০২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন— ৩০০০ টি
- উপকূলীয় এলাকায় বৃষ্টির পানি সংরক্ষণ পদ্ধতি স্থাপন— ৫০০০ টি
- পল্লী ও পৌর এলাকায় ভূ-পৃষ্ঠস্থ ট্রিটমেন্টপ্লান্ট নির্মাণ — ৩ টি;
- পল্লী ও পৌর এলাকায় ইন্সপুড/স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন - ৬৮০০ টি ও কমিউনিটি ল্যাট্রিন/ পাবলিক ল্যাট্রিন স্থাপন - ২০ টি;
- সমন্বিত ওয়াশ ফ্যাসিলিটি নির্মাণ- ২০০ টি
- পানির গুণগতমান নিশ্চিতকল্পে পানির নমুনা সংগ্রহ ও পরীক্ষা - ৩৫০০ টি।